গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫৫.২১-৭০

তারিখঃ ১৬/০২/২০২২ খ্রিঃ

## অফিস আদেশ

জনাব নাসরিন খানম, পিতা-আব্দুস সাত্তার খান, উপপরিচালক (নিজ বেতনে), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা-কে স্বাস্থ্য সেবা বিভাগের ১৬/১১/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১৭২.১৯.০১০.২১-৩২৫ নং স্মারকমূলে জেলা পাবলিক হেল্‌থ নার্স, সিভিল সার্জনের কার্যালয়, মুন্সিগঞ্জ পদে বদলি করা হয়। তৎপ্রেক্ষিতে এ অধিদপ্তরের ২১/১১/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০ .০০১.০৮. ২২২.২১-২৫৪২ নং স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। বদলিকৃত কর্মকর্তা স্বাস্থ্য সেবা বিভাগের বদলির আদেশ এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ছাড়পত্রের আদেশের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট ডিভিশনে ১১৩৮৪/২০২১ নং রিট পিটিশন মামলা দায়ের করেন। উক্ত রিট পিটিশন মামলার ০১/১২/২০২১ খ্রিঃ তারিখের আদেশমূলে স্বাস্থ্য সেবা বিভাগের বর্ণিত বদলির আদেশের উপর ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করা হয় এবং বাদীকে নিয়মিত বেতন-ভাতাদি প্রদানের আদেশ হয়। রিট পিটিশন মামলার রুলনিশির জবাব ও অন্যান্য কাগজপত্র বিজ্ঞ রেজিস্ট্রার ও বিজ্ঞ সলিসিটর বরাবর যথাক্রমে ২৬/০১/২০২২ এবং ৩০/০১/২০২২ খ্রিঃ তারিখে প্রেরণ করা হয়।

২। রিট পিটিশন মামলার আদেশ বাস্তবায়ন না হওয়ায় বাদী সংশ্লিষ্ট আদালতে ০৩/২০২২ নং কনটেম্পট পিটিশন মামলা দায়ের করেন। রিট পিটিশন মামলার আদেশ বাস্তবায়ন না করার কারণে কেন আদালত অবমাননার কার্যক্রম গ্রহণ করা হবে না মর্মে উক্ত কনটেম্পট পিটিশন মামলার ০৩/০১/২০২২ খ্রিঃ তারিখের আদেশমূলে বিবাদীগণকে কারণ দর্শানো হয়। অতপর কনটেম্পট পিটিশন মামলার ০৭/০২/২০২২ খ্রিঃ তারিখের আদেশমূলে রিট পিটিশন মামলার ০১/১২/২০২১ খ্রিঃ তারিখের আদেশ ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে বাস্তবায়নের আদেশ হয়।

৩। বর্ণিত কনটেম্পট পিটিশন মামলায় ১৬/০২/২০২২ খ্রিঃ তারিখের ভার্চুয়াল কোর্টের শুনানিতে মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরেরর পক্ষে নিম্নস্বাক্ষরকারী উপস্থিত ছিলেন। শুনানি চলাকালে মাননীয় বিচারপতির নিকট সময় প্রার্থনা করা হলে তিনি আগামী ১৭/০২/২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার এর মধ্যে রিট মামলার আদেশ বাস্তবায়নের আদেশ দেন। অন্যথায় আগামী ২০/০২/২০২২ খ্রিঃ তারিখ রবিবার বিবাদীগণের বিরুদ্ধে আদালত অবমাননার আদেশ দিবেন মর্মে মৌখিকভাবে উল্লেখ করেন।

৪। এমতাবস্থায়, রিট পিটিশন মামলা ১১৩৮৪/২০২১ এর ০১/১২/২০২১ খ্রিঃ তারিখের আদেশ এবং কনটেম্পট পিটিশন মামলা ০৩/২০২২ এর ১৬/০২/২০২২ খ্রিঃ তারিখের ভার্চুয়াল কোর্টের মৌখিক আদেশের প্রেক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার ২১/১১/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০১.০৮.২২২-২১-২৫৪২ নং স্মারকের ছাড়পত্র আদেশটি প্রত্যাহার করা হলো। জনাব নাসরিন খানম, উপপরিচালক (নিজ বেতনে), নার্সিং ও মিডওয়াফারি অধিদপ্তর (জেলা পাবলিক হেল্‌থ নার্স, মুন্সিগঞ্জ হিসেবে বদলির আদেশাধীন)-কে কর্মস্থল হতে অবমুক্তির তারিখ ২১/১১/২০২১ খ্রিঃ হতে অদ্যাবধি সময় কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি-মোতাবেক সকল বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

১৬/২/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা) ও
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫৫.২১-৭০/১(১৮)

তারিখঃ ১৬/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিজ্ঞ রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
৪। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং (রিট পিটিশন), আইন ও বিচার বিভাগ, সলিসিটর উইং ভবন, ঢাকা।
৫। যুগ্মসচিব (নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। পরিচালক (প্রশাসন)/ (অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা। **(কার্যার্থে)**
৯। ডিভিশনাল কম্পট্রোলার অব একাউন্টস, পুরানা পল্টন, ঢাকা।
১০। সিভিল সার্জন, মুন্সিগঞ্জ।
১১। সিনিয়র সহকারী সচিব (নার্সিং সেবা -১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২। সহকারী সচিব (আইন-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩। জনাব নাসরিন খানম, উপপরিচালক (নিজ বেতনে), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। **(কার্যার্থে)**
১৪। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১৫। এ্যাডভোকেট মাসুদ আলম চৌধুরী, বিজ্ঞ প্যানেল আইনজীবী, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। **(কার্যার্থে)**
১৭। প্রশাসনিক কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৮। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৬/২/২২
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা